## 87853 - ইমাম যদি অতিরিক্ত রাকাত পড়ার জন্য দাঁড়িয়ে যান, তবে মুক্তাদি কী করবে?

প্রশ্ন

জামাতের নামাযে ইমাম রাকাত সংখ্যা ভুল করেছেন। তিনি জোহরের নামায পাঁচ রাকাত আদায় করেছেন। মুক্তাদিদের পক্ষ হতে তাকে সতর্ক করা হয়েছিল। কিন্তু তিনি যা করছিলেন তা চালিয়ে গেলেন। যেহেতু তাঁর ইয়াক্বীন (নিশ্চিয়তার) ছিল তিনি সঠিক। এক্ষেত্রে আমরা মুক্তাদি মুসল্লীরা কী করব?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

এক:

যদি ইমাম ঠিক করেছেন বলে তিনি আত্মবিশ্বাসী হয়ে থাকেন এবং মুক্তাদি মুসল্লীদের সতর্ক করার দিকে ভ্রুক্ষেপ না করে সালাত সম্পন্ন করেন এবং পাঁচ রাকাত সালাত আদায় করে থাকেন তবে তাঁর সালাত শুদ্ধ হয়েছে এবং তাঁর উপর কিছু করণীয় নেই। সালাম ফিরানো শেষে যদি তাঁর প্রকৃত অবস্থা (তিনি যে ভুল করে পাঁচ রাকাত পড়েছেন) খেয়াল হয়, তবে তিনি ভুল করার জন্য দুটি সিজেদা দিয়ে সালাম ফিরাবেন।

দুই:

যদি মুক্তাদি নিশ্চিতভাবে জেনে থাকেন যে ইমাম অতিরিক্ত এক রাকাতের জন্য দাঁড়িয়ে গেছেন তবে ইমামকেসতর্ক করা তার উপর ওয়াজিব। যদি ইমাম তা না শুনে তবে ইমামের অনুসরণ করা তার জন্য জায়েয নয়। বরং এক্ষেত্রে তিনিইমাম থেকে আলাদা হয়ে বসে যাবেন এবং শেষে তাশাহ্হুদ পাঠ করে সালাম ফিরিয়ে ফেলবেন। যদি মুক্তাদি নিশ্চিতভাবে জানেন যে, এটি পঞ্চম রাকাত;তদুপরি তিনি ইমামকে অনুসরণ করে যান তবে তার সালাত বাতিল হয়ে যাবে। আর যদি অজ্ঞতাবশতঅথবা ভুল করে ইমামকে অনুসরণ করেথাকেন তবে তার সালাত শুদ্ধ হবে।

‘শার্হ মুনতাহালইরাদাত (১/২২৩) গ্রন্থে রয়েছে:

“যে ইমাম নামাযে ভুল করেছেন তাঁকে দুইজন বিশ্বস্ত ব্যক্তি সতর্ক করবে। তখন সে ভুল থেকে ফিরে আসা ইমামের উপর আবশ্যকীয়; যদি না তিনি তাঁর কাজ সঠিক হওয়ার ব্যাপারে নিশ্চিত হন।যদি ইমামনিজের কাজ সঠিক হওয়ার ব্যাপারে নিশ্চিত হন তাহলে (মুসল্লির কথা শুনে)ফিরে আসা জায়েয নয়।”

এরপর বলা হয়েছে-"তিনি যদি পঞ্চম রাকাতের জন্য দাঁড়িয়ে যান সেক্ষেত্রে মুক্তাদির জন্য তাঁকে অনুসরণ করা জায়েয নয়। কারণ মুক্তাদি সুনিশ্চিত যে, ইমাম ভুল করছেন এবং যে রাকাতের জন্য দাঁড়িয়ে গিয়েছেন সেটাতারনামাযের অংশ নয়। এক্ষেত্রে মুক্তাদি যদি অজ্ঞতাবশত অথবা ভুলবশত ইমামেরঅনুসরণ করে যানঅথবা যদি ইমামথেকে আলাদা হয়ে যানতবে তার সালাত শুদ্ধ হবে। যে ব্যক্তি প্রকৃত অবস্থা নিশ্চিতভাবে জানে, ইমামের অনুসরণ থেকে আলাদা হয়ে যাওয়া তার জন্য আবশ্যক। যে ব্যক্তি ইমাম থেকে আলাদা হয়ে গেছেন ইমাম অতিরিক্ত রাকাতের জন্য দাঁড়িয়ে যাওয়ার পরতিনি আলাদাভাবে সালাম ফিরিয়ে নিবেন এবং শেষে তাশাহ্হুদ সম্পন্ন করার পর ভুল থেকে ফিরে আসার জন্য ইমামকে সতর্ক করবেন।"উদ্ধৃতি সমাপ্ত

শাইখ ইবনে উছাইমীনরাহিমাহুল্লাহ কে প্রশ্ন করা হয়েছিল: "যদি ইমাম ভুল করে পাঁচ রাকাত সালাত আদায় করে ফেলে, তবে তাঁর সালাতের হুকুম কী এবং তাঁর পেছনে যারা সালাত আদায় করছে তাদের সালাতের হুকুম কী? এবং যে ব্যক্তি দেরীতে এসে ইমামের সাথে যোগ দিয়েছে সে কি এই অতিরিক্ত রাকাত গণনা করবে?"

তিনি উত্তরে বলেন :

যদি ইমাম ভুল করে পাঁচ রাকাত সালাত আদায় করে তবে তাঁর সালাত শুদ্ধ এবং যে মুক্তাদিরা ভুলবশতঅথবা অজ্ঞতাবশত তাঁকে অনুসরণ করেছেতাদের সালাতও শুদ্ধ। কিন্তু যে মুক্তাদিনিশ্চিত থাকেন যে, এটি অতিরিক্ত রাকাত, তার জন্য ইমাম পঞ্চম রাকাতের জন্য দাঁড়িয়ে গেলে বসে পড়া ও সালাম ফিরিয়ে ফেলা ওয়াজিব।কারণ এক্ষেত্রে তিনি নিশ্চিতভাবে বিশ্বাস করেনযে, ইমামের সালাত সঠিক নয়। যদি তিনি এ আশংকা করেন যে, ইমাম কোন একরাকাতে সূরা ফাতিহা পড়ায় গরমিল করেছেন বিধায় অতিরিক্ত পঞ্চম রাকাত পড়ছেন সেক্ষেত্রে তিনি সালাম না ফিরিয়ে ইমামের জন্য অপেক্ষা করবেন। অর্থাৎ ইমামের সাথে সালাম ফিরানোর জন্য অপেক্ষা করবেন।

আর যে ব্যক্তি দেরিতে এসে ইমামের সাথে দ্বিতীয় রাকাতে বা পরবর্তী কোন রাকাতে যোগ দিয়েছে এবং শেষ পর্যন্ত সালাত আদায় করেছে, এ অতিরিক্ত রাকাতটি তার ক্ষেত্রে গণনা করা হবে।যদি সে ইমামের সাথে দ্বিতীয় রাকাতে যোগদেয়, তবে সে ইমামের সাথে অতিরিক্ত রাকাতসহ সালাম ফিরাবে।আর যদি সে তৃতীয় রাকাতে এসে যোগ দেয়, তবে ইমামের অতিরিক্ত রাকাতের সালাম ফিরানো শেষে আরেক রাকাত যোগ করবে।কারণ আমরা যদি বলি, যে মুক্তাদি দেরিতে যোগ দিয়েছে তাঁর ক্ষেত্রে অতিরিক্ত রাকাতটি গণ্য হবে না, তবে তাকে ইচ্ছাকৃতভাবে অতিরিক্ত এক রাকাত যোগ করতে হবে- যা সালাত বাতিল হওয়ার কারণ।

পক্ষান্তরে এই ইমাম অতিরিক্ত রাকাত আদায় করার ক্ষেত্রে ওজরগ্রস্ত।কারণ তিনি ভুল করেছেন। তাই তাঁর সালাত বাতিল হবে না।" উদ্ধৃতি সমাপ্ত

[মাজমূ' ফাতাওয়াশশাইখ ইবনে 'উছাইমীন(১৪/১৯)]

আল্লাহই সবচেয়ে ভাল জানেন।